




## হরমুজ প্রণালীতে মার্কিন বাহিনীকে পিছু হটালো আইআরজিসি



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

ওমান সাগরের হরমুজ প্রণালী সংলগ্ন এলাকায় অবস্থান নেওয়া মার্কিন নৌবাহিনীকে সরে যেতে বাধ্য করেছে ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ডস কর্পস (আইআরজিসি)। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম প্রেস টিভির বরাতে এ তথ্য জানা গেছে।

ঘটনার সূত্রপাত হয় 'তৌস্ক' নামের একটি ইরানি পতাকাবাহী জাহাজকে কেন্দ্র করে। হরমুজ প্রণালী অতিক্রমের সময় জাহাজটি মার্কিন বাহিনীর বাধার মুখে পড়ে। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে অভিযোগ করা হয়, জাহাজটি তাদের আরোপিত নৌ-নিষেধাজ্ঞা ভঙ্গ করেছে। পরে মার্কিন নৌবাহিনী জাহাজটিকে লক্ষ্য করে হামলা চালায় এবং সেটিকে ইরানের জলসীমার দিকে ফিরে যেতে বাধ্য করে।

এরপর দ্রুত প্রতিক্রিয়া জানিয়ে আইআরজিসির নৌ ইউনিট ঘটনাস্থলে উপস্থিত হয়। তাদের তৎপরতায় পরিস্থিতি বদলে যায় এবং মার্কিন বাহিনী এলাকা ত্যাগ করতে বাধ্য হয় বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

চলমান যুদ্ধবিরতির মধ্যেও এই ঘটনার ফলে ওয়াশিংটন ও তেহরানের মধ্যে উত্তেজনা আরও বেড়েছে। তবে এ বিষয়ে এখনো আনুষ্ঠানিক কোনো বক্তব্য দেয়নি যুক্তরাষ্ট্র।

বিশ্ব বাণিজ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালী দিয়ে একসময় বৈশ্বিক অপরিশোধিত তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের প্রায় ২০ শতাংশ পরিবাহিত হতো। মাসের শুরুতে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনা ভেঙে যাওয়ার পর এই অঞ্চলে নৌ-অবরোধ জোরদার করে ওয়াশিংটন। এর ফলে ইরানি বন্দরে জাহাজ চলাচল উল্লেখযোগ্যভাবে ব্যাহত হয়। এর আগে আইআরজিসিও একই প্রণালীতে ভার্চুয়াল অবরোধ কার্যকর করেছিল।